গণভোটের চেয়ে পেঁয়াজ সংরক্ষণাগার গড়ে তোলা জরুরি: তারেক রহমান



সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, দেশের জনগণের কোটি কোটি টাকা খরচ করে গণভোট আয়োজনের বদলে পেঁয়াজ সংরক্ষণাগার তৈরি করা এখন বেশি জরুরি।

আজ বুধবার (১২ নভেম্বর) ঐতিহাসিক ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় ভার্চুয়ালি যুক্ত হয়ে তিনি এ মন্তব্য করেন।

তারেক রহমান বলেন, আলু চাষিদের জন্য যা ভর্তুকি প্রয়োজন, সেই অর্থ দিয়েই সাধারণ মানুষ ও কৃষকদের জন্য বাস্তব সমস্যার সমাধান করা সম্ভব। কিন্তু সরকারের মনোযোগ এখন গণভোটের দিকে, যখন দেশের কৃষক ও শ্রমিকদের ন্যায্য অধিকার নিশ্চিত করা আরও গুরুত্বপূর্ণ।

তিনি আরও বলেন, “পেঁয়াজ সংরক্ষণাগার তৈরি করা, কৃষকদের ন্যায্য মূল্য নিশ্চিত করা—এগুলোই জনগণের জন্য জরুরি, কিন্তু এসব নিয়ে কথা বলার মতো কেউ নেই।”

নারী কর্মসংস্থান বিষয়ে উদ্বেগ প্রকাশ করে তিনি প্রশ্ন তোলেন, “কর্মঘণ্টা কমানোর নামে কি নারীদের চাকরি সংকুচিত করা হচ্ছে? যদি পোশাক কারখানায় নারীরা কম সময় কাজ করে, তাহলে বাকি মজুরি কে দেবে? এতে কি তাদের কর্মসংস্থানের সুযোগ কমে যাবে না?”

তারেক রহমানের মতে, গণভোটের চেয়ে দেশের শ্রমিক ও নারীর চাকরি ও নিরাপত্তা নিশ্চিত করা বেশি জরুরি। তিনি বলেন, একজন বেকারের জন্য কাজ সৃষ্টি করাই এখন দেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ দায়িত্ব।

শেষে তিনি উল্লেখ করেন, দেশের অগ্রগতি ও জনগণের কল্যাণে এখন প্রয়োজন বাস্তব সমাধান, গণভোট নয়।